

বাংলাদেশ বার কাউন্সিল
বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।

www.barcouncil.gov.bd

নং-বিবিসি/এনরোল/২০২৩/১৮৭৮

তারিখঃ ০৫-০৯-২০২৩ইং

রিমাইন্ডার নোটিশ
(A Reminder Notice)

এতদ্বারা বার কাউন্সিলের বিগত স্মারক নং-বিবিসি/এনরোল/২০২৩/১৭১৮, তারিখঃ ১০-০৮-২০২৩ইং এবং স্মারক নং-বিবিসি/এনরোল/২০২৩/১৭৬১, তারিখঃ ২০-০৮-২০২৩ইং মূলে ঘোষিত বিজ্ঞপ্তির ধারাবাহিকতায় সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার কাউন্সিলের অ্যাডভোকেট তালিকাভুক্তির নৈর্ব্যক্তিক (MCQ) পরীক্ষার অনলাইন ফরমপূরণ কার্যক্রম নির্ধারিত ওয়েব সাইটে (<http://bar.teletalk.com.bd>) চলমান রয়েছে। আগামী ২০-০৯-২০২৩ইং তারিখ রাত ১১ঃ৫৯ ঘটিকা পর্যন্ত অনলাইনে (<http://bar.teletalk.com.bd>) ফরম পূরণ করা যাবে। উক্ত তারিখ ও সময়ের পর ফরম পূরণের আর কোনো সুযোগ থাকবে না। উল্লিখিত বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্ত অনুযায়ী আসন্ন এনরোলমেন্ট (MCQ) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক যোগ্য সকল প্রার্থীকে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফরম পূরণ কার্যক্রম সম্পন্ন করতে অনুরোধ করা হলো।

অনলাইন ফরম পূরণ প্রক্রিয়া সমাপ্ত হওয়ার পর নতুন করে পরীক্ষার কোনো আবেদন গ্রহণ করার কোনো সুযোগ না থাকায় সকল উপযুক্ত প্রার্থীকে নির্ধারিত সময়সীমার মধ্যে অনলাইনে ফরম পূরণ ও ফি জমা করতে হবে। নির্ধারিত তারিখ ও সময় অতিবাহিত হবার পর অনলাইন ফরম পূরণ প্রোগ্রামটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে এবং উক্ত এম.সি.কিউ. পরীক্ষার ফরম দাখিলের জন্য নতুন করে কোনোরূপ আবেদন/নিবেদন/অনুরোধ/আর্জি/দরখাস্ত গ্রহণ করা হবে না।

প্রসঙ্গত উল্লেখ্য, মেয়াদোত্তীর্ণ রেজিস্ট্রেশনের কারণে আসন্ন এম.সি.কিউ. পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী যে সকল প্রার্থীকে পুনরায় রেজিস্ট্রেশন করতে হবে, সেসব প্রার্থীকে আগামী ১০-০৯-২০২৩ইং তারিখের মধ্যে অনলাইনে (<http://bar.teletalk.com.bd>) রি-রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করে নিতে হবে এবং পরবর্তী সর্বোচ্চ দুই কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট পিউপিলেজ-রেজিস্ট্রেশন-হার্ডকপি-ফাইল বার কাউন্সিলে যথানিয়মে দাখিল করে নিজ নিজ রেজিস্ট্রেশন নিশ্চিত করে নিতে হবে। উক্ত তারিখের পর এনরোলমেন্ট পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন প্রাপ্তগণকে আসন্ন এম.সি.কিউ. পরীক্ষার অনলাইন ফরম পূরণ ডাটা-বেইজে অন্তর্ভুক্ত করা সম্ভব হবে না। বিশেষভাবে উল্লেখ্য, ১১-০৯-২০২৩ইং তারিখ থেকে পরবর্তী দুই সপ্তাহের জন্য নিম্নআদালত-অনলাইন-রেজিস্ট্রেশন লিংক বন্ধ থাকবে।



আদেশক্রমে,
(ওয়াহিদুজ্জামান শিকদার)
সচিব
বাংলাদেশ বার কাউন্সিল
(সিনিয়র জেলা ও দায়রা জজ)
থ্রেড-১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে অনুলিপি প্রেরিত (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। উপ-সচিব, বাংলাদেশ বার কাউন্সিল।
- ২। পি.এস টু সেক্রেটারী, বাংলাদেশ বার কাউন্সিল।
- ৩। অতিরিক্ত মহাব্যবস্থাপক (VAS), টেলিটক বাংলাদেশ লিঃ।
- ৪। সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ বার কাউন্সিল।
- ৫। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বার কাউন্সিল।
- ৬। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রেশন শাখা, বাংলাদেশ বার কাউন্সিল।
- ৭। সহকারী পরিচালক (তথ্য), বাংলাদেশ বার কাউন্সিল।
- ৮। সহকারী পরিচালক (আইটি), বাংলাদেশ বার কাউন্সিল (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। অফিস কপি।